



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫৬৯১১, ৯৫১৪৬৯২
পিএবিএক্স : ৯৫৬০০২১-২৫/২৩৩
৯৫৬০০৩১-৩৫/২৭৪
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd
www.krishibank.org.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

প্রকা/এইচআরএমডি-২/২১(৩)/২০১৬-২০১৭/৩১১৫(২৫০)

তারিখ : ০৩-০৪-২০১৭ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)
সকল আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

ও

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কর্মরত অধিকাংশ কর্মকর্তা/কর্মচারী বিভাগীয় বা জেলা শহরে অবস্থান করে প্রতিনিয়ত কর্মস্থলে যাতায়াতের কারণে নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিত হতে পারেন না এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করে থাকেন। সঠিকভাবে দায়িত্ব পালন না করার কারণে সদ্য সমাপ্ত ১২০ দিনের কর্মপরিকল্পনা আশানুরূপ সাফল্য অর্জন হয়নি বলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনে করেন। এ ব্যর্থতার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গভীর অসন্তোষ প্রকাশ করেছেন। এ অবস্থায় বার্ষিক লক্ষ্যমাত্রার অবশিষ্ট শতভাগ ১৪ জুন, ২০১৭ এর মধ্যে অর্জন নিশ্চিত করার জন্য দ্বিতীয় পদক্ষেপ হিসেবে ০১ এপ্রিল, ২০১৭ থেকে ১৪ জুন, ২০১৭ পর্যন্ত ৭৫ দিনের বিশেষ কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে।
- ০৩। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন সহ আসন্ন শুভ হালখাতা ও ৭৫ দিনের কর্মসূচী সাফল্যমণ্ডিত করার লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা গেল।
- ০৪। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ অঞ্চল প্রধানদের এবং অঞ্চল প্রধানগণ শাখা ব্যবস্থাপকদের কর্মস্থলে অবস্থানের বিষয়টি নিশ্চিত করবেন।

আদেশক্রমে-

আপনুর বিশ্বস্ত,

Behar
০৬/০৪/১৭

(কামরুন সাহার)

মহাব্যবস্থাপক

(প্রশাসন মহাবিভাগের দায়িত্বে)

ফোন: ৯৫৮৭২৩৯

তারিখ : ০৩-০৪-২০১৭ খ্রিঃ

প্রকা/এইচআরএমডি-২/২১(৩)/২০১৬-২০১৭/৩১১৫(৫০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। নথি/মহানথি।

Behar
০৬/০৪/১৭

(মোঃ জাহির ইকবাল)

উপ-মহাব্যবস্থাপক